

কাফনের কাপড় পাঠিয়ে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ৯ শিক্ষক-কর্মকর্তাকে হুমকি দেওয়া হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। বুধবার (২১ ডিসেম্বর) ডাকযোগে বেনামে চিঠির মাধ্যমে এ হুমকি দেওয়া হয়। রাজশাহী নগরীর মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আনোরার আলী তুহিন এ বিষয়টি নিশ্চিত করেছেন।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে **Google News** অনুসরণ করুন



৭০ হাজার শূন্য পদ, তবু নিয়োগে গা-ছাড়া ভাব!

হুমকি পাওয়া শিক্ষক-কর্মকর্তারা হলেন রেজিস্ট্রার ড. সেলিম হোসেন, শিক্ষক সমিতির সভাপতি ড. ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ড. রবিউল আওয়াল, সহ-সভাপতি ড. জগলুল শাহাদাত, ছাত্রকল্যাণ দপ্তরের উপ-পরিচালক মামুনুর রশীদ, কম্পোউট্রোলার নাজিম উদ্দীন আহমেদ, সহকারী প্রকৌশলী হারুন অর রশিদ, সেকশন অফিসার রাইসুল ইসলাম রোজ ও সাবেক উপাচার্য অধ্যাপক ড. রফিকুল ইসলাম শেখ।

রুয়েট শিক্ষক সমিতির সভাপতি ফারুক হোসেন বলেন, ‘শুদ্ধাচার কৌশলের আওতায় একটি কমিটি করা হয়েছে। সেই কমিটিতে যারা যারা অনুপস্থিত ছিলেন তাদের নিয়মমতো অফিস করার জন্য আমরা ফোন করি। তবে একজন বিষয়টি মেনে নেননি। তিনি সবার সামনে আমাকে গালিগালাজ করেন। সেই ঘটনার প্রেক্ষিতে এই চিঠি আসতে পারে বলে আমার ধারণা।’



তিনি আরও বলেন, ‘আমরা ৯ জন এ চিঠি পেয়েছি। আরও চিঠি থাকতে পারে। অনেকেই ডাক আজ চেক করেননি। এটি চেক করার পর বোঝা যাবে।’

ঘটনায় রুয়েট কর্তৃপক্ষ সাধারণ ডায়েরি (জিডি) করেছে। আমরা নিজেদের নিরাপত্তার কথা ভেবে আলাদাভাবে একটি করে জিডি করার পরিকল্পনা করছি’, বলেন রুয়েট শিক্ষক সমিতির সভাপতি ফারুক হোসেন।



এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণ শুরু

জানতে চাইলে মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আনোরার আলী তুহিন বলেন, কাপড়গুলো কাফনের কাপড় না সাদা কাপড় সেটি বলতে পারছি না। কাফনের কাপড় বড় হবে। তবে ছোট একটু সাদা কাপড় ও চিঠি পাঠিয়েছে বলে আমি শুনেছি।

তিনি আরও বলেন, এ ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জিডি করেছে। বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

ইত্তেফাক/এআই